শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০২১(অংশ-১).**৬৩২**

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

জনাব ওলিউল্লাহ, সম্পাদক, আল ফুরকান দাওয়াত একাডেমী ও এতিমখানা, গ্রাম: খেজুরবাড়িয়া, দেবহাটা, সাতক্ষীরা এর গত ০৫ এপ্রিল ২০২২ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী **জেলা পরিষদ, সাতক্ষীরা** কর্তৃক নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে **(কোড নং-২২১০০০৬০০)** 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে **(অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭)** উক্ত জেলা পরিষদের অনুকূলে **৩.০০ (তিন) লক্ষ টাকা** অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্র: | জেলা পরিষদ | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| ১. | জেলা পরিষদ, সাতক্ষীরা | সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার খেজুরবাড়িয়া গ্রামের 'আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা' এর উন্নয়ন। | **৩.০০ (তিন) লক্ষ টাকা** |

২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১০০৬.২০১১-৪৭৪ নং স্মারক এবং ১৩ মার্চ ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৯৫ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(৩) এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

২৫.০৪.২০২২
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৭.২০২১(অংশ-১).**৬৩১/১(২০)**

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সাতক্ষীরা।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাতক্ষীরা জেলা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(**এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো**)।
১২. জনাব ওলিউল্লাহ, সম্পাদক, আল ফুরকান দাওয়াত একাডেমী ও এতিমখানা, গ্রাম: খেজুরবাড়িয়া, দেবহাটা, সাতক্ষীরা।

২৫.০৪.২০২২
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

বরাবর,

মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার খেজুরবাড়িয়া গ্রামের "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" ভবন নির্মান/উন্নয়ন কাজের জন্য আর্থিক অনুদানের আবেদন।**

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার খেজুরবাড়িয়া গ্রামের "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" এর মাধ্যমে কোরআন শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। কিন্তু এই প্রতিষ্ঠানের কোন স্থায়ী ভবন না থাকায় ছাত্র/ছাত্রীরা পার্শ্ববর্তী খেজুরবাড়িয়া দক্ষিণপাড়া বায়তুন নূর জামে মসজিদে পড়ালেখা করছে। প্রায় ১০০ জন ছাত্র/ছাত্রী পবিত্র কোরআনুল কারীম পড়ছে। এছাড়া ইতোমধ্যে ৩০ জনের অধিক পবিত্র কোরআনুল কারীম পড়া সম্পন্ন করেছে। প্রতিষ্ঠানটিতে বর্তমানে হেফজখানা চালু করা হয়েছে। প্রতিষ্ঠানটি বর্তমানে এলাকার কিছু ধর্মপ্রীয় মানুষের সাহায্যে পরিচালিত হয়। "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" এর নামে কোন স্থায়ী সঞ্চয়/আমানত নেই। সম্প্রতি প্রতিষ্ঠানটির ভবন নির্মানের উদ্যোগ গ্রহণ করা হলেও প্রয়োজনীয় অর্থের অভাবে তা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার খেজুরবাড়িয়া গ্রামের "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" এর ভবন নির্মাণ/উন্নয়ন কাজের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা আর্থিক সহযোগীতা দানে আপনার একান্ত মর্জি হয়।

এলাকাবাসীর পক্ষে,

তারিখ ঃ ৫ / ৪ /২০২২খ্রিঃ।

১। জনাব মোঃ ওলিউল্লাহ, সম্পাদক, "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" গ্রাম-খেজুরবাড়িয়া, দেবহাটা, সাতক্ষীরা।

২। জনাব মোঃ আবুল হোসেন, সভাপতি, "আল ফুরকান দাওয়াহ একাডেমী ও এতিমখানা" গ্রাম-খেজুরবাড়িয়া, দেবহাটা, সাতক্ষীরা।

ডাইরী নং- ২০০
তারিখঃ ১০/০৪/২০২২
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

মোঃ তাজুল ইসলাম, এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।